# বোয়ালমারী পৌরসভা কার্যালয়

জেলা ঃ ফরিদপুর- ৭৮৬০।
ফোন ঃ ০৬৩২৪-৫৬৪১৩, ই-মেইল ঃ mayor_bm@ymail.com
ওয়েব সাইট ঃ www.boalmaripaurashava.gov.bd

স্মারক নং- বো: পৌ:/ফরিদ/প্রশা/নিয়োগ/৪৬২/২০২২-৫৮৩ তারিখ ২০/১১ /২০২৩ইং

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের ১৬/০৭/২০২৩ইং তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০২.১৭-১১০৪ নং স্মারক এবং ১৫/১১/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০২.১৭-১৭০০নং স্মারকের অনুবলে বোয়ালমারী পৌরসভার নিম্ন লিখিত পদে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী যোগ্য প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে/কম্পিউটারে মুদ্রিত(স্বীয় স্বাক্ষরযুক্ত) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | পদ সংখ্যা | বয়স | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কার্য্য সহকারী<br>বেতন স্কেল-৯৩০০-২২,৪৯০<br>গ্রেড- ১৬ | ১(এক) টি | ১৮-৩০ | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ২ | সহকারী কর নির্ধারক<br>বেতন স্কেল-৯৭০০-২৩,৪৯০<br>গ্রেড- ১৫ | ১(এক)টি | ১৮-৩০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৩ | স্যানিটারী ইন্সপেক্টর<br>বেতন স্কেল-১১,০০০-২৬,৫৯০<br>গ্রেড- ১৩ | ১(এক)টি | ১৮-৩০ | এইচ এস সি সহ মেডিকেল টেকনোলজিতে স্যানিটারী ইন্সপেক্টরশীপ। তবে ৩ বছরের কোর্স সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে ১ বছর বা সমমানের কোর্স সম্পন্ন প্রার্থীকে নিয়োগ করা যাইতে পারে। এই ক্ষেত্রে বেতনক্রম ১০,২০০-২৪,৬৮০ হইবে। |

সাধারন তথ্য ও শর্তাবলী ঃ

১। আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর (আবশ্যিক), ই-মেইল(যদি থাকে), জন্ম তারিখ, ১২/১২/২০২৩ ইং তারিখে বয়স, জন্ম নিবন্ধন নম্বর (অনলাইন কপি আবশ্যক), জাতীয় পরিচয় পত্র নম্বর (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতার বিবরণ, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে), ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং প্রভৃতি উল্লেখ পূর্বক দরখাস্ত আগামী ১২/১২/২০২৩ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মেয়র, বোয়ালমারী পৌরসভা, ফরিদপুর এর বরাবরে প্রেরণ করতে হবে।

২। আগামী ১২/১২/২০২৩ খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ৪ নং কলামে বর্ণিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তি যোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তান/শহীদ মুক্তিযোদ্ধা বা বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না।

৩। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র পৌছাতে হবে। এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ যোগ্য হবে না।

৪। আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক) প্রার্থীর সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি/ অনুলিপি।

গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।

ঘ) প্রার্থীর নিজ এলাকার সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল/সত্যায়িত সনদ পত্র।

ঙ) জন্ম নিবন্ধনের অনলাইন কপির সত্যায়িত অনুলিপি।

চ) আবেদন পত্রের সাথে মেয়র, বোয়ালমারী পৌরসভা, ফরিদপুর বরাবরে যে কোন তফসিলভুক্ত ব্যাংক থেকে উত্তোলন যোগ্য ৭০০(সাতশত) টাকা মূল্যের অফেরৎ যোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে। ক্যাশ/পোষ্টাল অর্ডার বা অন্য কোন মাধ্যমে অর্থ প্রেরণ করা হলে আবেদন পত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

ছ) ডাক যোগে ইন্টারভিউ কার্ড প্রেরনের লক্ষ্যে ১০ টাকার ডাকটিকিটসহ নিজের নাম ঠিকানা সম্বলিত ৯" x ৪" সাইজের ০২(দুই)টি পৃথক খাম (প্রার্থী কর্তৃক খামের উপর পদের নাম স্পষ্টাকারে লিখতে হবে) দাখিল করতে হবে।

জ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।

৫। সকল সত্যায়ন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক হতে হবে এবং কর্মকর্তার নামাংকিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে।

৬। প্রার্থী নির্বাচনে সরকারি বিধি ও কোটা নির্ধারন নীতিমালা অনুসরন করা হবে। সে ক্ষেত্রে কোটা দাবীর সমর্থনে সরকারী বিধি অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে সরকারি নির্দেশনার আলোকে যে কোন শর্ত সংযোজন, বিয়োজন ও সংশোধন করতে পারবে।

৯। অনিবার্য কারনে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করে।

১০। চাকুরি বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ/পরোক্ষ তদবির/সুপারিশকে প্রার্থীর অযোগ্যতা বলে গন্য করা হবে।

১১। সকল পদের প্রার্থীকে অবশ্যই কম্পিউটার, ইন্টারনেট চালনায় পারদর্শী হতে হবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। এই চাকুরী পৌরসভা চাকুরী বিধিমাল ১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আইন,বিধি, প্রজ্ঞাপন,পরিপত্র, আদেশ , নির্দেশ,সার্কুলার প্রভৃতি প্রযোজ্য হবে।

২০/১১/২৩

(মোঃ সেলিম রেজা )
মেয়র
বোয়ালমারী পৌরসভা
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং- বোঃ পৌরঃ/ফরিদ/প্রশা/নিয়োগ/৪৩২/২০২২-৫৫৩ তারিখ : ২০/১১ /২০২৩ইং

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরন ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, ফরিদপুর।

৩। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।

৪। জনাব, ..........................................................,কাউন্সিলর ............ নং ওয়ার্ড/সংরক্ষিত ওয়ার্ড, বোয়ালমারী পৌরসভা।

৫। নির্বাহী প্রকৌশলী, বোয়ালমারী পৌরসভা।

৬। পৌর নির্বাহী কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা।

৭। সহকারী প্রকৌশলী, বোয়ালমারী পৌরসভা।

৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা।

৯। সম্পাদক, ''দৈনিক যুগান্তর"/''দৈনিক কালের কন্ঠ", তাঁকে আগামী ২২/১১/২০২৩খ্রিঃ তারিখে ...............ইঞ্চি কলামে ১ দিনের জন্য প্রচারের অনুরোধ করা হলো।

১০। উচ্চমান সহকারী, বোয়ালমারী পৌরসভা, ফরিদপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

১১। নোটিশ বোর্ড, বোয়ালমারী পৌরসভা।

২০/১১/২৩

(মোঃ সেলিম রেজা)
মেয়র
বোয়ালমারী পৌরসভা
বোয়ালমারী, ফরিদপুর।